মেহেরপুরে ধর্ষণের বিরুদ্ধে মিছিলে পুলিশের বাধা

“সুস্থ সমাজের কীট ধর্ষকদের বিরুদ্ধে গর্জে ওঠো বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে ধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসির দাবিতে বিক্ষোভ মিছিল করে। মিছিলটি মেহেরপুর পৌরসভার সামনে পৌঁছালে মেহেরপুর জেলা পুলিশের বাধায় বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয় ইসলামী যুব আন্দোলন।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা ইসলামী আন্দোলনের সভাপতি মুফতি হুজাইফা’র নেতৃত্বে এই বিক্ষোভ মিছিলটি অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন ইসলামী যুব আন্দলনের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি তরিকুল ইসলাম, সহ-সভাপতি রহমতুল্লাহ এবং ইসলামী আন্দোলনের সভাপতি অধ্যক্ষ খাদেমুল ইসলাম প্রমুখ।

বিক্ষোভ মিছিলটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু করে পৌরসভার দিকে আসলে মেহেরপুর জেলা পুলিশের একটি টিম বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয়। তারা জানান, অনুমতি ছাড়া এ ধরনের বিক্ষোভ মিছিল করা যাবে না।

এই বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহ্ দারা খান ‘মেহেরপুর প্রতিদিন’কে জানান, ইসলামী যুব আন্দোলনের মিছিলটিতে পুলিশ কোনোরকম বাধাগ্রস্থ করে নাই। তারা মিছিলটি সম্পন্ন করে চলে যায়।

জীবননগরে প্রধানমন্ত্রী শেখ

হাসিনার ৭৪তম জন্মদিন পালিত

জীবননগরে আলোচনা সভা দোয়া ও কেক কাটার মধ্যে দিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন পালিত হয়েছে।

গতকাল সকাল ১০টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা আওয়ামী লীগের কার্যলয়ে শেখ হাসিনার ৭৪তম জন্মদিন উদযানে আলোচনা সভা, দোয়া ও কেক কাটা হয়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজার সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, চুয়াডঙ্গা জেলা আওয়ামী লীগগের সদস্য আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন,

সাধারণ সম্পাদক ও জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, পৌর আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক সাবেক কমিশনার রফিকুল ইসলাম ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি ও উপজেলা পরিসদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা।

চুয়াডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রির অপরাধে দোকান মালিককে এক লাখ টাকা জরিমানা : মালামাল ধ্বংস

চুয়াডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রির অপরাধে জনি স্টোরের মালিককে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। একই সঙ্গে দোকানের

মেয়াদোত্তীর্ণ মালামাল ধ্বংস করা হয়েছে।

সোমবার দুপুরে চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে চুয়াডাঙ্গা শহরের রাহেলা খাতুন গার্লস একাডেমির পাশে জনি স্টোরে এ অভিযান চালানো হয়।

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, জনি স্টোরের মালিক বিভিন্ন কোম্পানির নামে ও বেনামে লেবেল ব্যবহার করে তার ব্যবসা চালিয়ে আসছিলেন। শুধু তাই নয়, দীর্ঘদিন ধরে তিনি মেয়াদোত্তীর্ণ বিভিন্ন কোম্পানির মালামাল এবং বাচ্চাদের খাবার মালাই ও আচার বিক্রি করতেন। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এ সময় প্রমাণসহ মেয়াদোত্তীর্ণ সমস্ত মালামাল উদ্ধার করা হয়। এ ধরনের অপরাধে জনি স্টোরের মালিক চুয়াডাঙ্গা শহরতলির দৌলতদিয়াড় স্কুলপাড়ার হামিদুর রশিদ জনিকে এক লাখ টাকা জরিমানা করা হয় এবং জব্দকৃত মালামাল ধ্বংস করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা দোকান মালিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক সালাউদ্দিন চান্নু ও চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের একটি চৌকস টিম।

জীবননগর হাসাদাহে সেচ্ছাসেবী মূলক সংগঠন সহযাত্রীর শুভ সূচনা

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্ম বার্ষিকী উপলক্ষে জীবননগর হাসাদাহ ইউনিয়ন যুব সমাজের উদ্যোগে একটি স্বেচ্ছাসেবী মূলক সংগঠন সহযাত্রীর শুভ যাত্রা শুরু হয়েছে ।

আমাদের মূলনীতি , দেশ সমাজের উন্নতি এই স্লোগানকে সামনে রেখে এই সে¦চ্ছাসেবী মূলক সংগঠনের পথ চলা শুরু। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে নব গঠিত সংগঠনের সভাপতি অনিক বিশ^◌াসের সভােপিত্ব প্রধান অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন হাসাদাহ ইউনিয়ন যুবলীগ সভাপতি জুম্মত মন্ডল , নব গঠিত সংগঠনের সাধারণ সম্পাদক সোহাগ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন ৫নং হাসাদাহ ইউনিয়নের ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শুকুর আলী মন্ডল, হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, কোষধাক্য বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম, মিন্টু মিয়া।

আরো উপস্থিত ছিলেন নব গঠিত সংগঠনের নেতৃবৃন্দ তানজিনা আক্তার, মামুন, সাগর, অপু, উৎস, তাজু, সাজিব, হাসান, জেসান, কবির, আফ্রিদ, আদি, আল আমিন সাগর আহম্মদ , শিলন আহম্মদ সহ আরো অনেকে। এলাকার গরিব ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে তাদের সকল প্রকার সহযোগিতা করাই এদের মূল লক্ষ্যে।

মেহেরপুরে মাদক ব্যবসায়ীদের তৎপরতা

মেহেরপুরে হটাৎ করেই আবারো বেড়েছে মাদক ব্যবসায়ীদের তৎপরতা। সীমান্ত এলাকায় দু-দেশের মাদক ব্যবসায়ীদের রয়েছে শক্তিশালী সিন্ডিকেট। ফলে জেলা তিন উপজেলার সীমান্ত দিয়ে ঢুকছে মাদকের বড় বড় চালান। ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যঘেষা মেহেরপুরের তিন উপজেলার সীমান্ত দিয়ে ঢুকছে ফেন্সিডিল, গাঁজা, অফিসার্স চয়েজ মদ, পাতার বিড়ি, হেরোইন ও সল্প পরিমাণে ইয়াবা। তবে এইসব মাদকের মধ্যে সবচেয়ে বেশি আছে ফেন্সিডিল। পুলিশ, গোয়েন্দা পুলিশ, বিজিবি, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুরের মাদক বিরোধী অভিযানে কিছু মাদকসহ বহন কারীরা ধরা পড়লেও মূলহোতারা থেকে যাচ্ছে ধরাছোঁয়ার বাইরে।

মেহেরপুর জেলার তিনটি উপজেলা। তিনটির তিন দিকেই ভারত বেষ্টিত। মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের পরেই ভারতের তেহট্ট, বেতাই মুজিবনগর উপজেলার পরেই ভারতের পাথরঘাটা, হৃদয়পুর গাংনী

অধিদপ্তর, বিজিবি, র্যাব সবাই একযোগে কাজটা সমন্বয় করে শুরু করতে যাচ্ছি। এছাড়াও তিনি বলেন, আমাদের পুলিশ সদস্যদেরও ডোপ টেস্ট করা হবে। যারা মাদকাশক্ত ধরা পড়বে তাদের বিরুদ্ধে বিভাগীয় কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়া বিজিবি কমান্ডার লে. কর্ণেল ফরহাদ হোসেন চৌধুরী বলেন, বিজিবির কিছু সীমাবদ্ধতা আছে। আমরা চাইলে কাউকে আটকিয়ে রেখে জিজ্ঞাসাবাদ করতে পারিনা। আমরা আসামি ধরার পর সেটা মামলা দিয়ে পুলিশে সোপর্দ করি। পরের ব্যবস্থাটা তারা গ্রহণ করে। এজন্য হয়তো আমরা মূলহোতাদের ধরতে পারছি না। এছাড়াও সীমান্তে মাদক চালানের সময় দেখা যাচ্ছে রাতে মাঠের ভিতর দিয়ে যাচ্ছে। এক্ষেত্রে আমরা অভিযান চালালে মাদক ফেলে তারা পালিয়ে যাচ্ছে। এজন্য আসামি ধরা আমাদের জন্য কঠিন হয়ে পড়ছে। তবে সবসময় এমন হচ্ছে তা না। আমরা আগের চেয়েও বেশ সক্ষম।

দর্শনায় আল্লামা শাহ আহমেদ শফী সাহেব (রহ:) স্বরণে দোয়া মাহফিল

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় বিশ্ব বরেণ্য আলেমে দ্বীন, জাতির রাহবার, শাইখুল ইসলাম আল্লামা শাহ আহমেদ শফী সাহেব (রহ:) স্বরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টায় দর্শনা অডিটরিয়াম চত্বরে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা থানা উলামা পরিষদের সভাপতি মুফতি গোলাম কিবরিয়া ।

অনুষ্ঠানে অতিথি হিসেবে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের সভাপতি মুফতি জুনায়েদ আল হাবিবী , সাধারণ সম্পাদক মুফতি মোস্তফা কালাম কাসেমী, দর্শনা ইমাম সমিতির সভাপতি মওলানা নূরুল ইসলাম, দর্শনা উলামা পরিষদের সহ সভাপতি মুফতি আনোয়ার হোসেন, মাও হাফিজুর রহমান, মুফতি আব্দুর রাজ্জাক,

সাধারণ সম্পাদক আব্দুল খালেক, সাংগঠনিক সম্পাদক মাও: জাফর ইকবাল, কোষাধ্যক্ষ মাও: আব্দুল খালেক, দপ্তর সম্পাদক মুফতি আবুল বাসার, সদস্য মাও: জুনাইদ মাও: মইনুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে দর্শনা থানার বিভিন্ন মসজিদ, মাদ্রাসা ইমাম, শিক্ষক ও ছাত্ররা উপস্থিত ছিলেন।

নাঈমের মাল্টা এখন বাজারে বাজারে

আলমডাঙ্গা উপজেলার প্রত্যন্ত চরপাড়া গ্রামে মাল্টা, পেয়ারা ও লেবুর আবাদ করে আত্মনির্ভরশীল হয়ে ওঠার এক অকল্পনীয় গল্প তৈরি করেছেন স্কুল শিক্ষক নাঈম হাসান। নাঈম হাসানের তৈরি এই বাস্তব গল্পের মাল্টা বাগানে গাছভর্তি এখন টাকা আর টাকা। ঝুলছে মাল্টা গাছে টাকা, পেয়ারা গাছে টাকা ও টাকা ঝুলছে লেবু গাছের ডালে ডালে। তিন বছর অক্লান্ত পরিশ্রম করে তিনি মাল্টার এই স্বপ্নের বাগান গড়ে তুলেছেন। এখন মণ মণ বিক্রি হচ্ছে মাল্টা, পেয়ারা ও লেবু।

রবিবার সরেজমিন উপজেলার একমাত্র মাল্টার বাগান দেখতে যান এই প্রতিবেদক। জামজামী ইউনিয়নের প্রান্তিক গ্রাম চরপাড়ার মাঠে গড়ে তোলা হয়েছে বিশালাকৃতির বাগান। বাগানটিকে চারদিক থেকে দেখভাল করছে চার থেকে পাঁচজন নিয়মিত শ্রমিক। বাগানের গাছে গাছে ঝুমঝুম করছে অগুনতি সবুজ মাল্টা ফল। খেতে সুমিষ্ট মাল্টার পাইকারী বাজার দর এখন কেজি প্রতি ১০০ টাকা। প্রতিদিন বাগান থেকে মনকে মাল্টা উঠানো হচ্ছে। স্থানীয় বাহনে তা চলে যাচ্ছে বাজারের খুচরা বিক্রেতাদের দোকানে।

বাগানের উদ্যেক্তা নাঈম হাসান জানান, তিনি একজন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি এমনিতেই আর্থিকভাবে স্বাবলম্বী। প্রথমে কিছু দরিদ্র মানুষকে উপকার করতে মাল্টা, পেয়ারা ও লেবুর বাগান করার উদ্যেগ নেন তিনি। তিনি বলেন, এই বাগানকে ঘিরে চার-পাঁচটি পরিবার আর্থিকভাবে স্বচ্ছলতা পেয়েছে। স্বচ্ছলতার সাথে তাদের সংসার চলছে। পাশাপাশি তিনি নিজেও এখন আরও স্বাবলম্বি হতে

পেরেছেন।

নাঈম হাসান জানান, যুবকরা এ ধরনের উদ্যেগ নিয়ে সহজেই স্বাবলম্বী হতে পারেন। শুধু মাল্টার বাগান না, ছোট ছোট বিভিন্ন খামার করেও যুবকরা স্বাবলম্বী হতে পারেন। এখন অনেকেই গরুর খামার, হাস-মুরগীর খামার, মাছের খামার করে স্বাবলম্বী হচ্ছেন।

তিনি জানান, চাকরির পেছনে ঘুরে সময় নষ্ট করে না করেতে। একটু বুদ্ধি করে পরিশ্রম করলেই আর্থিকভাবে স্বাবলম্বী হওয়া যায়।

চুয়াডাঙ্গার কুলপালাই দুস্থদের মাঝে সাহায্য প্রদান

চুয়াডাঙ্গা জেলার কুলপালা গ্রামে “পোর পিপল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন” নামের একটি সেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে দ্বিতীয়বারের মতো একটি গরীব অসহায় পরিবারকে ছাগল প্রদান করেন।

গতকাল রবিবার বিকাল ৫ ঘটিকার সময় অনুষ্ঠানটির আয়োজন করা হয়।

সংস্থাটির সভাপতি রাজীব হাসান বলেন, আমরা দেশের করোনা কালীন পরিস্থিতিতে বিভিন্ন কর্মসূচি পরিচালনা করে আসছি। তারি ধারাবাহিকতায় আজকে একটি গরীব অসহায় পরিবারকে একটি ছাগল প্রদান করা হলো।

তিনি আরো বলেন, সংস্থাটির ফাউন্ডার রাসেল হাসান,বিপুল হোসেন,ফরাদ হোসেন প্রমুখ নিজেদের ব্যক্তিগত উদ্যোগে পরিচালনা করছেন এবং সংস্থাটিকে সামনের দিকে আরো অগ্রসর করার লক্ষ্যে চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে মোঃ রাজিব হাসানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক তানভীর হাসান, সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম, ক্যাশিয়ার রনি, দপ্তর সম্পাদক নয়ন, প্রচার সম্পাদক পারিকুল ইসলাম প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মারবে না। দরিদ্রদের জন্য সরকারি যত রকমের ভাতা আছে আমি প্রকৃত দরিদ্রদের মাঝে সেই ভাতা তুলে দিতে চাই। আমি সব ধরনের মানুষের পাশে থাকতে চাই। ইউনিয়নবাসিকে সেবা করতে চাই।

মে.প্রঃ এই নির্বাচনকে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে কিভাবে দেখছেন?

নাজমুলঃ স্থানীয় নির্বাচন রাজনৈতিক বিবেচনায় কখনও অনুষ্ঠিত হয় না। এখানে প্রার্থীর ভালমন্দ বিচার করে ভোটাররা ভোট দিয়ে থাকেন। যাকে যোগ্য মনে করবেন ভোটাররা তাকেই ভোট দিবেন। ইউপি নির্বাচনে দলীয় প্রার্থীর তেমন প্রভাব পড়ে না। আমি সব দলের ভোটারদের কাছ থেকেই সহযোগীতা পাব ইনশাল্লাহ।

মে.প্রঃ আপনি তো আওয়ামী লীগের রাজনীতির সাথে যুক্ত। আপনার দল থেকে একাধিক প্রার্থী রয়েছেন। এটাকে কিভাবে দেখছেন?

নাজমুলঃ আগেই বলেছি স্থানীয় নির্বাচনে দলীয় প্রভাব খুব একটা কাজে আসেনা। আমি ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক পদে দায়িত্ব পালন করছি। এরআগে ছাত্রলীগের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছি। আমি ছাত্রলীগ থেকে উঠে এসেছি। আমার প্রতিদ্বন্দ্বী ইউপি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি এই পদের আগে দলের কোন পদে ছিলেন তা ইউনিয়ন আওয়ামী লীগের কেউ জানেন না। তবে ভোটাররা তাদের জ্ঞান বুদ্ধি দিয়ে যোগ্য প্রার্থীকে বেছে নিবেন আশা করি।

মে.প্রঃ ইউনিয়নবাসীর উদ্যেশ্যে কিছু বলুন।

নাজমুলঃ আমি ইউনিয়নবাসীর সুখে-দুঃখে তাদের সাথে থাকতে চাই। আমি ইউনিয়নবাসীকে সেবা করতে চাই।

আলমডাঙ্গা বণিক সমিতির নির্বাচনে সম্পাদক পদে এবার

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]